

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নম্বর : ২

০১ চৈত্র, ১৪১৮

তারিখ : ১৫ মার্চ, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী কোম্পানী বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (NPO), বেসরকারী উন্নয়ন সংস্থা (NGO), সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

প্রিয় মহোদয়,

**মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ প্রসঙ্গে।**

মানিলভারিং ও সংশ্লিষ্ট অন্যান্য অপরাধ প্রতিরোধ এবং এর শাস্তির বিধানসহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নের উদ্দেশ্যে মানিলভারিং প্রতিরোধ সংক্রান্ত বিদ্যমান আইন ও অধ্যাদেশ রহিতক্রমে প্রণীত মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১২ সনের ৫ নং আইন, তারিখ ২০ ফেব্রুয়ারি, ২০১২/৮ ফাল্গুন, ১৪১৮) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ সংশোধনের নিমিত্তে প্রণীত সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ (২০১২ সনের ৬ নং আইন, তারিখ ২০ ফেব্রুয়ারি, ২০১২/৮ ফাল্গুন, ১৪১৮) এর বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সম্মতির সূত্রে সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করা হয়েছে। উক্ত আইন দুটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে, যা নিম্নবর্ণিত ওয়েবলিংক হতে ডাইনলোড করা যাবেঃ

[www.bangladeshbank.org.bd/aboutus/regulationguideline/lawsacts.php](http://www.bangladeshbank.org.bd/aboutus/regulationguideline/lawsacts.php)

০২। বর্ণিত আইন দুটি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়ন করা এবং আইন দুটির বিধানসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

০৩। গত ৩০ জানুয়ারি, ২০১২ তারিখে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট হতে জারীকৃত মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০১২ বিষয়ক বিএফআইইউ সার্কুলার নং-১/২০১২ এতদসঙ্গে বাতিল বলে গণ্য হবে।

০৪। মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক হতে ইতোপূর্বে জারীকৃত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) ধারায় এবং/বা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও তদসঙ্গে পঠিতব্য সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারীকৃত মর্মে গণ্য হবে।

০৫। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

তারিখ : উল্লিখিত

প্রতিলিপি নং- বিএফআইইউ-২/২০১২-৯৯৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

১. ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যান, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, ঢাকা।
২. ব্যক্তিগত সহকারী, সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, সমাজ সেবা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৭. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ঢাকা।
৮. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, মতিঝিল, ঢাকা।
৯. চেয়ারম্যান, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, দিলকুশা, ঢাকা।
১০. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।
১১. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ, কাওরান বাজার, ঢাকা।
১২. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস অব বাংলাদেশ, নীলক্ষেত, ঢাকা।
১৩. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
১৫. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৯. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ লিমিটেড, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩ কাকরাইল, ঢাকা।

(কামাল হোসেন)

উপ-পরিচালক

ফোন : ৭১২৬১০১-১৪/২৪৮২